

## উপজেলা পরিক্রমা

### পীরগাছা

॥ মোঃ রায়হান ॥

জেলা সদর রংপুরের পূর্বে পীরগাছা উপজেলা অবস্থিত। অত্র উপজেলা ১৯৮৩ সালে উপজেলায় উন্নীত করা হলেও দীর্ঘ ৩ বছরে এর তেমন কোন উন্নয়ন সাধিত হয়নি। তাই ৯টি ইউনিয়নের ১৭০টি মৌজার ২ লাখ ১০ হাজার ১শ' ৩৬ জন লোক আজও নানা সমস্যায় জর্জরিত। এই উপজেলার আয়তন ১০৪ বর্গমাইল। আয়ের প্রধান উৎস কৃষি।

#### যোগাযোগ

উত্তরবঙ্গের মধ্যে বিভিন্ন দিক থেকে গুরুত্বপূর্ণ উপজেলা হলেও অত্র উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই অনুন্নত। উল্লেখ্য, জেলা শহর রংপুরের সাথে যোগাযোগ রক্ষাকারী মাত্র ১০ মাইল রাস্তাটি অদ্যাবধি পাকা করা হয়নি।

#### শিক্ষা

অত্র উপজেলা শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। পীরগাছা উপজেলার ১টি কলেজ, ২টি হাফেজিয়া মাদ্রাসা, ৫টি সিনিয়র মাদ্রাসা, ১৪টি দাখিল মাদ্রাসা, ১৬টি হাইস্কুল, ৬টি জুনিয়র হাইস্কুল, ২টি গার্লস হাইস্কুল ও ৩৫টি এবতেদায়ী মাদ্রাসা, ৭০ টি সরকারী প্রাইমারী, ৩টি রেজিস্টার্ড প্রাইমারী স্কুল আছে। প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষকের অভাবে কয়েকটি মাদ্রাসার অবস্থা অত্যন্ত করুণ। শিক্ষিতের হার শতকরা ৩২.৫ জন।

#### কৃষি

এ উপজেলার শতকরা ৯৩ জন লোক কৃষক। উপজেলার মোট আবাদী জমির পরিমাণ ৪৪,৪৪২ একর। প্রধান ফসল ধান, পাট, আখ, তামাক, ডাল। তবে অন্যান্য ফসলও কিছু কিছু

হয়। কৃষি ঋণ, প্রয়োজনীয় সেচ যন্ত্রপাতি এবং কীটনাশকের অভাবে কৃষি কাজ দারুণভাবে ব্যাহত হচ্ছে।

#### চিকিৎসা

পীরগাছা উপজেলায় ১টি স্বাস্থ্য কমপ্লেক্স, ২টি পল্লী স্বাস্থ্য কেন্দ্র আছে। পশু চিকিৎসার জন্য ১টি পশুপালন অফিস ও ১টি কৃত্রিম প্রজনন উপকেন্দ্র আছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটির অবস্থা অত্যন্ত করুণ। জরুরী বিভাগে সব সময় ডাক্তার থাকে না। বহির্বিভাগে প্রতিদিন শত-শত রোগী এসে প্রয়োজনীয় ওষুধের অভাবে ফিরে যাচ্ছে। এখানে কোন এ্যাম্বুলেন্স নেই। এক্স-রে, মেশিন থাকলেও রেডিও-গ্রাফারের অভাবে অদ্যাবধি তা চালু করা সম্ভব হয়নি।

#### হাটবাজার

পীরগাছা উপজেলায় ছোট বড় মিলে প্রায় ২০টি হাট-বাজার আছে। এগুলোর অবস্থা অত্যন্ত করুণ। সংস্কার অতি জরুরী। পায়খানার ব্যবস্থা নেই। নর্দমার ব্যবস্থা নেই।

#### শিল্প

পীরগাছায় তেমন কোন শিল্প প্রতিষ্ঠান নেই। তবে কিছু সংখ্যক রাইসমিল (১৫/১৬টি) ও ২টি পাটের গাইট বাধানো মেশিন আছে। রাইসমিলগুলোতে ধান সিঁদ্ধ করে চাল ভাসানো হয়। ধান সিঁদ্ধ করার কাজে নিয়োজিত রয়েছে অসংখ্য মহিলা।

#### বিদ্যুৎ

পীরগাছায় বিদ্যুৎ ব্যবস্থা একেবারেই অনুন্নত। বিদ্যুৎ বিভ্রাট নিত্যনৈমিত্তিক ব্যাপার। ৯টি ইউনিয়নের মধ্যে মাত্র ২/৩টি ইউনিয়নের কিছু অংশ বিদ্যুতায়িত হয়েছে।